নারায়ণগঞ্জে শ্রমিক-পুলিশ সংঘর্ষে রণক্ষেত্র, টিয়ারশেল নিক্ষেপ



ছবি: সংগৃহীত

ন্যূনতম মজুরি ৩০ হাজার টাকা নির্ধারণসহ বেতন বাড়ানোর দাবিতে নারায়ণগঞ্জের ফতুল্লায় টানা তৃতীয় দিনের মতো বিক্ষোভ করেছেন পোশাকশ্রমিকেরা। বুধবার (৪ নভেম্বর) সকালে তাঁদের বিক্ষোভকে কেন্দ্র করে পুলিশের সঙ্গে সংঘর্ষ ও ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে। শ্রমিকদের ইটপাটকেল নিক্ষেপের জবাবে পুলিশ টিয়ারশেল ছুড়লে কাঠেরপুল এলাকায় উত্তেজনাকর পরিস্থিতি তৈরি হয়।

সকাল ১০টার দিকে ফতুল্লার শিবু মার্কেট ও আশপাশের কয়েকটি পোশাক কারখানার শ্রমিকেরা কারখানা থেকে বেরিয়ে আন্দোলনে যোগ দেন। পরে কয়েক শ শ্রমিক একসঙ্গে বিক্ষোভে অংশ নিলে কাঠেরপুলসহ আশপাশের এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে।

শ্রমিকদের আন্দোলন ঘিরে নারায়ণগঞ্জ শহরের চাষাড়া এলাকায় সকাল থেকেই সতর্ক অবস্থানে রয়েছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। এ প্রতিবেদন লেখা পর্যন্ত সেখানে কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। পরিস্থিতি নিয়ন্ত্রণে চাষাড়া মোড় ও আশপাশে পুলিশ টহল দিচ্ছে। পাশাপাশি বিজিবির দুই গাড়ি সদস্য মোতায়েন রাখা হয়েছে।

পুলিশ জানিয়েছে, শিল্পাঞ্চলসহ গুরুত্বপূর্ণ এলাকায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের মোতায়েন করা হয়েছে। পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং যেকোনো ধরনের বিশৃঙ্খলা মোকাবিলায় বিজিবিও সতর্ক রয়েছে।

ন্যূনতম মাসিক মজুরি ৩০ হাজার টাকা নির্ধারণসহ বিভিন্ন দাবিতে গত সোমবার ও মঙ্গলবারও ঢাকা-নারায়ণগঞ্জ সংযোগ সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন পোশাকশ্রমিকেরা। তাঁদের অবরোধে চাষাড়া থেকে সাইনবোর্ড পর্যন্ত সড়কে যান চলাচল ব্যাহত হয়। এতে দুই দিনই যাত্রী ও সাধারণ মানুষকে ভোগান্তিতে পড়তে হয়।

তবে বুধবার সকাল থেকে শ্রমিকেরা নারায়ণগঞ্জ সড়কে প্রবেশ করতে পারেননি। সেখানে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কঠোর অবস্থান রয়েছে।